বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৩

বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৩

আবেদন ফরম

ছবি
(পাসপোর্ট সাইজ)

যে বিভাগের মেলায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তার উপর টিক চিহ্ন '✓' দিন

☐ ময়মনসিংহ ☐ রংপুর ☐ খুলনা ☐ বরিশাল ☐ সিলেট ☐ রাজশাহী

(প্রতিটি মেলায় অংশগহণের জন্য আলাদা ফরম ব্যবহার করুন)

১.	প্রতিষ্ঠানের নাম	বাংলায়			
		ইংরেজীতে			
২.	ঠিকানা				
৩.	উদ্যোক্তার নাম	বাংলায়			*(টিক দিন)* ☐ নারী ☐ পুরুষ
		ইংরেজীতে			
৪.	ফোন নম্বর	ফোন		মোবাইল	
৫.	ই-মেইল ও ওয়েবসাইট (যদি থাকে)	ই-মেইল		ওয়েবসাইট	
৬.	প্রতিষ্ঠার বছর		৭.	মোট সম্পদের মূল্য (টাকায়) *(জমি ও কারখানা ভবন ব্যতিরেকে)*	
৮.	পণ্য/সেবার নাম/ধরন				
৯.	জনবল *(সংখ্যা)*	মোট জনবল:	নারী:	পুরুষ:	তৃতীয় লিঙ্গ:
১০.	পণ্য রপ্তানি হয়ে থাকলে তার পরিমাণ (টাকায়)				
১১.	চেম্বার বা অ্যাসোসিয়েশনের নাম (যদি সদস্য হয়ে থাকেন)				
১২.	স্টলের ভাড়া	৮' × ৮' বঃফুট প্রতিটি স্টলের ভাড়া	স্টলের সংখ্যা	সর্বমোট (টাকা)	
		৩,০০০/- টাকা			
		**পে-অর্ডার/ ডিডি মারফত পরিশোধযোগ্য।*			

আমি নিম্ন স্বাক্ষরকারী অঙ্গীকার করছি যে, আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্য সঠিক এবং এতদ্‌সঙ্গে সংযুক্ত মেলায় অংশগ্রহণের সকল শর্ত মেনে আবেদন করছি। আমি আরও অঙ্গীকার করছি যে, বিদেশ থেকে আমদানিকৃত কোন পণ্য মেলায় প্রদর্শন বা বিক্রয় করব না।

আবেদনকারীর স্বাক্ষর

নাম	
তারিখ	

SME FOUNDATION

এসএমই ফাউন্ডেশন

পর্যটন ভবন (লেভেল ৬ ও ৭) ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন: ৪১০২৪১০৮-১০ মোবাইল: ০১৬৭৫০০৯৬৮৯, ০১৫২০১০৩০৪৩, ০১৭২১০১২৩৪০, ০১৭১৩০৬৬৭১২

ইমেইল: nazmul.hassan@smef.gov.bd, nazma.khatun@smef.gov.bd

শর্তাবলী:

১. আবেদন পত্রের সাথে স্টলের ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা পে-অর্ডার অথবা ডিডি মারফত বরাবর 'এসএমই ফাউন্ডেশন-জেনারেল অ্যাকাউন্ট' উল্লেখপূর্বক এসএমই ফাউন্ডেশনে প্রেরণ করতে হবে।

২. বিভাগীয় পর্যায়ের প্রতিটি মেলায় ঐ বিভাগের জেলাসমূহের উদ্যোক্তাদের মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৩. মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করা হবে:

ক) দেশীয় উৎপাদনকারী অথবা সেবামূলক মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পই শুধুমাত্র মেলায় প্রদর্শন ও বিক্রয়ের সুযোগ পাবে। কোন মতেই বিদেশী দ্রব্যাদি প্রদর্শন/বিক্রি গ্রহণযোগ্য নয়।

খ) 'জাতীয় শিল্পনীতি ২০২১' অনুযায়ী উচ্চ অগ্রাধিকার/অগ্রাধিকারপ্রাপ্ত খাত হিসাবে চিহ্নিত কৃষি/খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প, আইসিটি/সফট্ওয়ার শিল্প, চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প, পাট ও পাটজাত শিল্প, প্লাস্টিক শিল্প, হস্ত ও কারুশিল্প, জুয়েলারি (কৃত্রিম), খেলনা এবং আগর শিল্পের সাথে সম্পৃক্ত এসএমই প্রতিষ্ঠানসমূহকে মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

গ) এসএমই ফাউন্ডেশন কর্তৃক চিহ্নিত ক্লাস্টারসমূহ, তৃতীয় লিঙ্গ, অটিজম এবং উপজাতি উদ্যোক্তাদের এ মেলায় অংশগ্রহণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করে স্টল বন্টন করা হবে।

ঘ) আমদানীকৃত পণ্য মেলায় প্রদর্শন করা যাবে না, প্রদর্শন করলে তাৎক্ষণিকভাবে তার স্টল বরাদ্দ বাতিল করা হবে এবং জরিমানা করা হতে পারে।

ঙ) পণ্য/সেবা যথেষ্ট গুণগত সম্পন্ন হতে হবে। প্রদর্শিত পণ্যের বিএসটিআই সার্টিফিকেট বাধ্যতামূলক হলে তা থাকতে হবে। আইএসও সার্টিফিকেশন প্রাপ্ত কোম্পানি প্রাধিকার পাবে।

চ) রপ্তানিযোগ্য অথবা রপ্তানি হচ্ছে এমন পণ্যকে মেলায় প্রদর্শন ও বিক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

ছ) মেলায় সৃজনশীল/ইনোভেটিভ পণ্য/ সেবা প্রদর্শনের বিষয়ে অধিকতর গুরুত্ব প্রদান করা হবে।

জ) নারী উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।

ঝ) আবেদনপত্রের সাথে আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র, ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, টিআইএন ও ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট এর ফটোকপি জমা দিতে হবে।

৪. স্টল বরাদ্দ চূড়ান্ত হওয়ার পর স্টলের ফি ফেরতযোগ্য নয়। কোন উদ্যোক্তা আবেদন করে স্টল বরাদ্দ না পেলে তাদেরকে স্টলের ফি ফেরত দেয়া হবে।

৫. অপর কোন পক্ষের কাছে বরাদ্দকৃত স্টল হস্তান্তর/সাবলেট দেয়া যাবে না বা অন্য কারো স্টলের সঙ্গে বিনিময় করা যাবে না। এই নিয়মের ব্যত্যয় ঘটলে স্টল বরাদ্দ বাতিল হবে এবং সেক্ষেত্রে স্টলের ফি ফেরতযোগ্য হবে না।

৬. যদি কোন বরাদ্দ প্রাপ্ত প্রতিষ্ঠান মেলার উদ্বোধনের দিন স্টল চালু করতে না পারে তাহলে তার বরাদ্দ বাতিল হয়ে যাবে এবং এসএমই মেলায় অংশগ্রহণ করতে পারবে না। এরূপ ক্ষেত্রে স্টল ভাড়া বাবদ অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে। তাছাড়া জরিমানাও আদায় করা হতে পারে।

৭. প্রতিটি স্টল হতে কমপক্ষে ১ জন প্রতিনিধি মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকতে হবে।

৮. মেলায় নির্ধারিত সময়সীমার মধ্যে স্টল চালু রাখতে হবে। কোন প্রতিষ্ঠান মেলা শেষ হওয়ার আগেই মেলা পরিত্যাগ অথবা স্টল বন্ধ করে দেয়ার কারণে এসএমই মেলায় অংশগ্রহণের জন্য অযোগ্য ঘোষিত হবে।

৯. প্রতিটি স্টলে চেয়ার-২টি, টেবিল-১টি এবং বৈদ্যুতিক সংযোগসহ পাওয়ার সকেট-১টি সরবরাহ করা হবে।

১০. মেলায় ইলেকট্রিক হিটার, ফ্রিজ, ওভেন, উচ্চ ক্ষমতার বৈদ্যুতিক যন্ত্রপাতি, কয়েল, চুলা ইত্যাদি ব্যবহার করা যাবে না।

১১. প্রতিটি স্টলের জন্য বরাদ্দকৃত বৈদ্যুতিক সংযোগ ছাড়া বিশেষ আর কোন বৈদ্যুতিক সংযোগ দেয়া হবে না।

১২. মেলা প্রাঙ্গণে সিকিউরিটির ব্যবস্থা থাকবে। তবে চুরি বা অংশগ্রহণকারীর মালামাল হারানোর জন্য মেলার আয়োজক দায়ী থাকবে না। মেলা শেষে পণ্যসমূহ নিরাপদে থাকে এমনভাবে রেখে যেতে হবে। প্রতিদিন মেলাশেষে স্টলসমূহের সম্মুখভাগ সম্পূর্ণভাবে ঢেকে রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৩. মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের উদ্যোক্তাকে মেলা কর্তৃপক্ষ হতে গেটপাস সংগ্রহ করতে হবে।

১৪. মেলার গেটে এবং এর আশেপাশে 'বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৩' এর ব্র্যান্ডিং করা হবে। আলাদাভাবে প্রতিষ্ঠানসমূহ ঐ সকল স্থানে তাদের নিজ নিজ প্রচারসামগ্রী (যেমন: ব্যানার, পোস্টার, ফেস্টুন, লিফলেট প্রভৃতি) প্রদর্শন অথবা বিতরণ করতে পারবে না। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ শুধুমাত্র তাদের নিজস্ব স্টলে প্রচার সামগ্রী প্রদর্শন ও বিতরণ করতে পারবে।

১৫. স্টলের সম্মুখভাগে/পাশের জায়গা দখল করে কোন কিছু রাখতে/প্রদর্শন করতে পারবে না।

১৬. মেলায় শব্দদূষণ/পরিবেশ দূষণ হয় এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

১৭. স্টলের মালিকগণ নিজ নিজ দায়িত্বে তাদের স্টলের পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখবেন।

১৮. মেলা প্রাঙ্গণে অনৈতিক/ অশালীন/অসামাজিক/অবৈধ কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

১৯. জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থী কোন কিছু প্রদর্শন করা যাবে না।

২০. মেলায় কোন প্রকার নকল পণ্য প্রদর্শন করা যাবে না। এক্ষেত্রে, পাইরেসি, কপিরাইট, ট্রেড মার্কস ইত্যাদি আইনের দ্বারা সৃষ্ট আইনি জটিলতার দায়-দায়িত্ব এসএমই ফাউন্ডেশন বহন করবে না।

২১. মেলায় কোন দুর্ঘটনা বা অগ্নিকান্ডের জন্য এস এম ই ফাউন্ডেশন দায়ী থাকবে না এবং এ জন্য কোন ক্ষতিপূরণ চাওয়া যাবে না।

২২. এসএমই ফাউন্ডেশন মেলা ও এ সংক্রান্ত যে কোন কার্যক্রম কোন কারণ দর্শানো ব্যতীত স্থগিত, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৩. আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে সরেজমিন অনুসন্ধানের অধিকার এসএমই ফাউন্ডেশন সংরক্ষণ করে।

২৪. স্টল বরাদ্দ এবং অবস্থান নির্ধারণের ক্ষেত্রে এসএমই ফাউন্ডেশন কর্তৃপক্ষ কর্তৃক গৃহিত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫. বিকাশ/নগদ/রকেট/উপায় ইত্যাদির মাধ্যমে কোন লেনদেন করা হবে না।

২৬. এসএমই ফাউন্ডেশন যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।